ব্রাদার্সের হাত ফসকে গেল বসুন্ধরা কিংস

ঢাকায় কিংস অ্যারেনায় বড় অঘটন ঘটিয়ে ফেলেছিল ব্রাদার্স। একটুর জন্য বেঁচে গেছে বর্তমান লিগ চ্যাম্পিয়ন বসুন্ধরা কিংস। প্রিমিয়ার ফুটবল লিগে বসুন্ধরা কিংস ও ব্রাদার্স ম্যাচ ১-১ গোলে ড্র হয়েছে। প্রথমার্ধেই ব্রাদার্স ১-০ গোলে এগিয়ে ছিল। কিংস শত চেষ্টা করেও গোল শোধ করতে পারছিল না। একের পর এক মিস হচ্ছিল। ৯০ মিনিট শেষ হওয়ার পর যোগ হয় ৮ মিনিট। ৯৭ মিনিটে গোল পায় বসুন্ধরা কিংস। মহা বাঁচা বেঁচে যায় কিংস। নিশ্চিত হার থেকে রক্ষা পায় চ্যাম্পিয়নরা।

মোহামেডান, আবাহনীর পর কাল যদি হারতো কিংসকে হ্যাটট্রিক হারের মুখ দেখতে হতো। সেখান থেকে বেঁচে গেছে। আফসোসে বুক ফেটে যাচ্ছে ব্রাদার্সের । গত মৌসুমে রেলিগেশন হওয়া ব্রাদার্স এবার একের পর এক চমক দিচ্ছে। এবার বসুন্ধরার মাঠে বসুন্ধরাকে গলা চেপে ধরে ছিল ব্রাদার্স। সেখান থেকে রক্ষা পেয়ে যেন হাফ ছেড়ে বেঁচেছে। ৩৯ মিনিটে গোল পায় ব্রাদার্স। খেলার বিপরীতে ব্রাদার্সের কৌশিক বড়ুরার অসাধারণ ক্রসের বলটা কিংসের বক্সের ওপর সেনেগালের ফুটবলার শিক সেনে বুকে রিসিভ করে বাঁ দিকে টার্ন করেই ডান পায়ে শট করলে কিংসের গোলরক্ষক মেহেদী হাসান শ্রাবণ কিছুই চোখেই দেখেননি, বল জালে জড়িয়ে যায় ১-০।

পিছিয়ে গিয়ে বসুন্ধরা কিংসের রাকিব, মিগুয়েল, ফাহিম, সোহেল রানা, তপু বর্মনরা মরিয়া হয়েও গোল শোধ করতে পারছিলেন না। কিংসের নিজেদের মাঠে শততম ম্যাচের দিনে হেরে যাওয়ার লজ্জা ঢাকার জন্য কিংসের ফুটবলারদের চেষ্টার কমতি ছিল না। শিক সেনে লিগে চার করেছেন। ব্রাদার্সকে টানছেন এই ফুটবলার। কিংস গোল শোধ করতে পারছিল না, অন্যদিকে দুর্ভাগ্য ব্রাদার্সেরও। শেষ মুহূর্তে এতো বড় দলের বিপক্ষে গোল ধরে রাখার লড়াইটা ঠিকঠাক মতো করতে পারছিলেন না খেলোয়াড়রা।

শেষ বাঁশি বাজার আগে ব্রাজিলিয়ান অধিনায়ক মিগুয়েলের ক্রসের বলটা ব্রাদার্সের ছোট বক্সে অপেক্ষায় থাকা মজিবর রহমান জনির দিকে ছুটে এলে জনি মাথা লাগিয়ে গোলে পরিণত করেন, ১-১। নিশ্চিত হার বাঁচিয়ে দেন। ব্রাদার্সের কপালে হাত। ব্রাদার্সের ফুটবলারদের

দাবি অফসাইডে দাঁড়িয়ে গোল করেছেন জনি। খেলোয়াড়রা রেফারি আনিসুর রহমানের কাছে প্রতিবাদ করেছেন, সহকারী রেফারি ইকবাল আলমের কাছে গিয়েও প্রতিবাদ করেছেন। ক্ষিপ্ত হয়ে খেলা শেষে ব্রাদার্সের একজন স্টাফ মাঠে ঢুকলে রেফারি তাকে লাল কার্ড দেখান। সেরা খেলোয়াড় পুরস্কার পেয়েছেন ব্রাদার্সের গোলরক্ষক আশরাফুল।

সূত্র: ইত্তেফাক

ভারোত্তোলনে ৯০ বছর বয়সি নারীর চমক

বয়স ৯০। এই বয়সে অনেকে বার্ধক্যের যন্ত্রণা নিয়ে কেবল শেষ দিনের অপেক্ষা করেন। কিন্তু ব্যতিক্রম তাইওয়ানের চেং চেন চিন-মেই। ভারোত্তোলনের মতো একটা ইভেন্টে চমক দেখিয়েছেন এই নারী। সম্প্রতি রাজধানী তাইপের এক ভারোত্তোলন প্রতিযোগিতায় অনায়াসে ৩৫ কেজির বার তুলেছেন তিনি। ৯০ বছর বয়সে এমন ইভেন্ট অংশ নিয়ে নজর কেড়েছিলেন চেং। এরপরে যখন তিনি ৩৫ কেজির বার হাতে তুলে নেন তখন উচ্ছাসে ফেটে পড়েছিলেন উপস্থিত জনতা।

তাইপের এই প্রতিযোগিতায় চেং চেন চিন-মেইসহ মোট ৪৫ জন প্রতিযোগী অংশ নিয়েছিলেন। সকলের বয়স ছিল ৭০ বছরের ওপরে। সেখানে ৯২ বছর বয়সি এক প্রতিযোগীও অংশ নিয়েছিলেন। তবে সবচেয়ে বেশি চমক দেখিয়েছেন ৯০ বছরের চেং চেন। এই দৃশ্য দেখতে উপস্থিত হয়েছিলেন তার সন্তান, নাতী-নাতনি ও পরের প্রজন্ম। অর্থাৎ তিন প্রজন্মের সামনে তিনি এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন।

এই বয়সে চেং চেনের ভারোত্তোলনের সঙ্গে যুক্ত হওয়ার পেছনে রয়েছে ভিন্ন কারণ। পারকিনসন রোগ ধরা পড়ার পরে তার নাতনি তাকে ভারত্তোলনের বিষয়ে আগ্রহী করে তোলেন। এই প্রশিক্ষণ তার শারীরিক ভঙ্গি ও গড়নের উন্নতিতে সাহায্য করে। গেল বছরের আগস্ট থেকে এই যাত্রা শুরু করেছিলেন চেং চেন। সেখান থেকে এসে এই প্রতিযোগিতায় অংশ নেন তিনি। তিন-রাউন্ডের এই প্রতিযোগিতায় চেং চেন একটি ষড়ভুজ-আকৃতির বার ব্যবহার করে ৪৫ কেজি পর্যন্ত উত্তোলন

করেছিলেন। সেই কাজে তাকে একজন লিফটার সহায়তা করেছিলেন।

প্রতিযোগিতার পরে চেং চেন বলেছেন, ‘আমি সমস্ত বয়স্ক লোকদের এমন কাজের সঙ্গে যুক্ত হওয়ার জন্য বলছি। এজন্য খুব বেশি পরিশ্রম করতে হবে না। তবে সুস্থ থাকার জন্য এমন কোনো কাজের সঙ্গে যুক্ত হতে হবে।’ ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের তথ্য অনুযায়ী, তাইওয়ান আগামী বছরের মধ্যে ‘বয়োজ্যেষ্ঠদের সমাজ’ হতে চলেছে। দেশটির ২ কোটি ৩০ লাখ জনসংখ্যার মধ্যে অন্তত ২০ শতাংশেরই বয়স ৬৫ বা তার উপরে। সেজন্য সরকার বয়স্ক ব্যক্তিদের জন্য উপযুক্ত সরঞ্জামসহ দ্বীপ জুড়ে ফিটনেস সেন্টার স্থাপন করেছে। তাদের প্রশিক্ষণে উৎসাহিত করতে বিভিন্ন কর্মসূচিও পালন করে যাচ্ছে সরকার ও স্থানীয় প্রশাসন। স্থানীয় লোকজনের মতো এটি স্বাস্থ্যকর জীবনধারাকে উৎসাহিত করবে।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহে প্রমীলা ফুটবল প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা ক্রীড়া অফিস ঝিনাইদহের আয়োজনে প্রমীলা ফুটবল প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতার অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলার ৪টি প্রমীলা ফুটবল দল টুর্নামেন্টে অংশগ্রহণ করেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার মোঃ মিজানুর রহমানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মোহাম্মদ আহসান উদ্দিন আফাঙ্গীর, সাবেক ফুটবলার ও জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি মোঃ আহাসানউজ্জামান ঝন্টু, জেলা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম সংগ্রাম, জেলা রেফারি এসোসিয়েশনের সাধারণ

সম্পাদক শাহ মোহাম্মদ আব্দুল্লাহ সহ অন্যান্য ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

ঝিনাইদহে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঝিনাইদহ ক্যাডেট কলেজের তিন দিন ব্যাপী ৫৯তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার (২৩ ডিসেম্বর) বিকালে কলেজ মাঠে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ী ক্যাডেটদের মাঝে পুরস্কার বিতরণ করেন জেনারেল অফিসার কমান্ডিং আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড লেফটেন্যান্ট জেনারেল মোঃ মাইনুর রহমান।

সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, উপাধ্যক্ষ মোঃ শফিক উদ্দীন, এ্যাডজুটেন্ট মেজর মোঃ সরফরাজ নেওয়াজ, বেসামরিক অফিসারসহ ও কলেজের শিক্ষক-কর্মচারিবৃন্দ।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে যশোর এরিয়ার উচ্চ পদস্থ সেনা কর্মকর্তাগণ, ক্যাডেটদের অভিভাবক, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক, শিক্ষকমন্ডলী ও অতিথিগণ উপস্থিত ছিলেন।

সমাপনী দিনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রদর্শন করা হয় কুচকাওয়াজ ও মিউজিক্যাল ডিসপ্লে। পরে বিভিন্ন ইভেন্টে ক্যাডেটরা অংশ নেয়। গত ১৯ ডিসেম্বর বৃহস্পতিবার থেকে শুরু হয় এ প্রতিযোগীতা ।

প্রতিযোগীতায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৯০জন শিক্ষার্থী ৩৮ টি ইভেন্টে বড় ও ছোট দলে বিভক্ত হয়ে অংশ নেয়। এ বছর চুড়ান্ত ভাবে বিজয়ী হয়েছে বদর হাউজ।

বিপিএলে সিলেট মাতাবেন জেমস-আসিফ

মাঠের লড়াই শুরুর ৭ দিন আগেই শুরু হয়েছে এবারের বিপিএলের মূল আমেজ। সোমবার (২৩ ডিসেম্বর) ঢাকায় বিপিএল ভেন্যু শের-ই বাংলা স্টেডিয়ামকে সুরের মূর্ছনায় ভাসিয়েছেন পাকিস্তান থেকে আসা ওস্তাদ রাহাত ফতেহ আলী খান। সঙ্গে ছিলেন দেশের শিল্পী রাফা এবং তার দল ‘এভোয়েড রাফা’। স্টেজ মাতিয়েছেন হালের ক্রেজ জেফার, মুজা ও সঞ্জয়।

প্রতিবার উদ্বোধনী অনুষ্ঠান কেবল ঢাকা কেন্দ্রিক হলেও এবারে সেটাকে তিন ভেন্যুতেই ছড়িয়ে দেয়ার উদ্যোগ নিয়েছে বিসিবি। একদিন বিরতি দিয়ে বিপিএলের মিউজিক ফেস্টের গন্তব্য এবার সিলেটে। বিপিএলের অন্যতম ভেন্যু সিলেট আন্তর্জাতিক স্টেডিয়াম। সেখানেই হবে সঙ্গীতের উৎসব।

বুধবার (২৫ ডিসেম্বর) বিপিএল মিউজিক ফেস্টের সিলেট পর্বে থাকছেন না রাহাত ফাতেহ আলি খান। তবে আকর্ষণ তাতে কমেনি। কারণ সিলেট মাতাবেন নগরবাউল জেমস। তার সঙ্গে থাকছেন শিল্পী আসিফ আকবর। পারফর্ম করবেন মুজা ও সঞ্জয়। তবে জেফারের বদলে সিলেট মাতাবেন তোশিবা।

সিলেটে এই কনসার্ট দেখা যাবে সর্বনিম্ন ৫০০ টাকায়। দেখা যাবে গ্যালারিতে বসে। সিলভার ক্যাটাগরিতে কনসার্ট উপভোগ করতে খরচ হবে ১ হাজার ৫০০ টাকা। আর প্লাটিনাম ক্যাটাগরির টিকিট মূল্য ধরা হয়েছে ৪ হাজার টাকা। সিলেট জেলা স্টেডিয়ামে হবে এই মিউজিক ফেস্ট।

দুপুর আড়াইটা থেকে দর্শকদের জন্য খুলে দেয়া হবে স্টেডিয়ামের প্রবেশদ্বার। ভেতরে প্রবেশ করা যাবে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। অনলাইনে টিকিফাইতে কেনা যাবে মিউজিক ফেস্টের টিকিট। এছাড়া দর্শকরা সরাসরি টিকিট কিনতে পারবেন সিলেটের বাংলাদেশ শিশু একাডেমি থেকে। সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামের টিকিট বুথেও মিলবে এই কনসার্টের টিকিট।

সূত্র: ইত্তেফাক

আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরের আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকেল তিনটার সময় মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের আশরাফপুর ক্রিকেট টিমের আয়োজনে আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়।

মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করেন নাজাত আলী।

মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা।

আশরাফপুর ক্রিকেট টিম অধিনায়ক ইমতিয়াজ আহমেদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইয়াসনবী মাস্টার, আমদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর বায়তুল মাল সেক্রেটারী মাওলানা আজিজুল হক, মেহেরপুর সদর উপজেলা কৃষক দলের সদস্য সচিব মোঃ মিরাজউদ্দিন, আমদহ ইউনিয়নের যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ তুষার আলী, যুবদলের ওয়ার্ড সেক্রেটারি মিলন আহমেদ, রিপন আলী প্রমুখ।

উদ্বোধনী খেলায় বন্দর একাদশ এবং কুড়োলগাছি একাদশ অংশগ্রহণ করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

□□□□□: □□□□□□□